গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাজেট-১ অধিশাখা
www.mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০২৪.২০.০১১.২১-২০৩

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৮ বঃ / ০২ আগস্ট ২০২১ খ্রিঃ

## অফিস আদেশ

অর্থ মন্ত্রণালয়ের ২০ জুন, ২০২১ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০২১-৫৮৯নং পত্রের পরিপ্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে **"বাজেট ওয়ার্কিং গ্রুপ"** নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

| ক্র: | পদবি | পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) | সভাপতি |
| ২. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/শাখা) | সদস্য |
| ৩. | উপসচিব/উপপ্রধান/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (উন্নয়ন অনুবিভাগ/অধিশাখা/শাখা ও পরিকল্পনা কোষ) | সদস্য |
| ৪. | সকল দপ্তর/সংস্থার বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৬. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের সংশ্লিষ্ট সহকারী/সিনিয়র সহকারী প্রধান | সদস্য |
| ৭. | চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, এ মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | হিসাবরক্ষণ কর্মকর্তা, এ মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | সহকারী/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/শাখা) | সদস্য-সচিব |

স্বাঃ

(মোঃ সফিউল আলম)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৮২
budget1@mocat.gov.bd

(২) **কার্যপরিধি:** নিম্নোক্ত দলিল/প্রাক্কলন/বিবরণীসমূহ পরীক্ষা ও চূড়ান্ত করে বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে:

কৌশলগত

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেটের সঙ্গে সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমন: বাংলাদেশের প্রেক্ষিতে পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীতি-পরিকল্পনা ইত্যাদির সাংযোগসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাকরণ;

২. মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) সাথে সংগতিসাধনপূর্বক বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ;

৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতি-পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ;

৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভূক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন; এবং

৫. মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি-পরিকল্পনার আলোকে বাজেট-সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন।

চলমান পাতা-০২

বাজেট পরিকল্পনা, প্রণয়ন/হালনাগাদ

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো (প্রথম ও দ্বিতীয় ভাগ) প্রণয়ন/হালনাগাদকরণ;
২. সচিবালয় এবং সংযুক্ত/অধীন দপ্তর সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ/হালনাগাদকরণ;
৩. রাজস্ব আয়, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুতকরণ; এবং
৪. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) সহ মন্ত্রণালয়/বিভাগ ও অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণয়ন।

প্রতিবেদন প্রস্তুত ও বিবিধ

১. বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ;
২. প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত;
৩. বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত;
৪. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যপত্র প্রণয়ন; এবং
৫. বাজেট ব্যবস্থাপনা কমিটি অথবা প্রধান হিসাবদানকারী অফিসার (Prinicpal Accounting Officer) কর্তৃক প্রদত্ত বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং পর্যালোচনা সংক্রান্ত অন্য যে কোন বিষয়।

02.08.2021

(মোঃ সফিউল আলম)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৮২
budget1@mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০২৪.২০.০১১.২১-২০৩

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৮ বঃ
০২ আগস্ট ২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট-২৪ অধিশাখা)
২. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৩. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৪. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৬. যুগ্মসচিব (বাজেট), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
৭. উপসচিব/উপপ্রধান (বাজেট/পরিকল্পনা অধিশাখা), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
৮. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
৯. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (বাজেট/পরিকল্পনা শাখা), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১০. সহকারী সচিব/সহকারী প্রধান (বাজেট/পরিকল্পনা শাখা), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১১. চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা (হিসাব কোষ), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১৩. অতিঃসচিব (প্রশাসন ও পর্যটন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়।
১৪. অফিস কপি।

02.08.2021

(মোঃ সফিউল আলম)